

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
মধুখালী, ফরিদপুর।

পত্র নং ৩৩.০২.২৯৫৬.৫০১.২২.০০৪.২২.১০৮

তারিখঃ ২২/১১/২০২২ খ্রিঃ

বিষয়ঃ বাদপড়া ও নতুন জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান এবং নিবন্ধিত জেলে তালিকা হালনাগাদ কার্যক্রমে সহযোগীতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার মধুখালী উপজেলায় জাতীয় পরিচয়পত্রধারী জেলে যিনি বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে কোন জলাশয়ে পেশাগতভাবে জাল, অন্যান্য সরঞ্জাম অথবা নৌকা অথবা নৌযান ব্যবহারপূর্বক সারা বৎসর অথবা বৎসরের নির্দিষ্ট সময়ে মৎস্য আহরণ করিয়া জীবিকা নির্বাহ করে তাদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের নির্দেশনা রয়েছে। এমতাবস্থায় আপনার ইউনিয়নে যে সকল জেলে মৎস্য অধিদপ্তর কর্তক প্রত্নতকৃত নিবন্ধন তালিকায় অন্তর্ভুক্ত হতে পারেনি তাদের নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করে নির্ধারিত ফরমে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মধুখালী বরাবর আবেদন করতে হবে।

নির্দেশনাবলীঃ

ক) বাংলাদেশের স্থায়ী নাগরিক ও জাতীয় পরিচয়পত্রধারী হতে হবে।


খ) আবেদনকারীকে মৎস্য আহরণ পেশায় নিয়োজিত থাকিতে হইবে।

গ) আবেদনপত্রের সহিত জাতীয় পরিচয়পত্র, নাগরিক সনদপত্র, জেলে প্রত্যয়নপত্র এবং পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি রঙিন ছবি জমা দিতে হবে।

ঘ) জেলের নিজের নামে নিবন্ধিত মোবাইল নম্বর প্রদান করতে হবে।

২। মৎস্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত যে সকল জেলে মৃত্যুবরণ করেছে এবং জেলে পেশা ত্যাগ বা পরিবর্তন করেছে তাদের তালিকা আগামী ১৫/১২/২০২২ খ্রি. তারিখের নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে বিশেষ অনুরোধ করা হল।

এমতাবস্থায় উপরোক্ত দুটি কাজে আপনার সহযোগী একান্ত কাম্য।



(পবিত্র কুমার দাস)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মধুখালী, ফরিদপুর।

১। চেয়ারম্যান, -----ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।

২। ওয়ার্ড কাউন্সিলর, মধুখালী পৌরসভা।

পত্র নং ৩৩.০২.২৯৫৬.৫০১.২২.০০৪.২২.১০৮/১(১২)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

০১। জেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর।


০২। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।

০৩। উপজেলা কৃষি/প্রাণিসম্পদ/সমাজসেবা/প্রকল্প বাস্তবায়ন/মহিলা বিষয়ক/আনসার ভিডিপি/যুব উন্নয়ন/সমবায় কর্মকর্তা, মধুখালী, ফরিদপুর।

০৪। জনাব..... মৎস্যজীবীদের প্রতিনিধি।

০৫। অফিস নথি।

তারিখঃ ২২/১১/২০২২ খ্রি.



(পবিত্র কুমার দাস)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মধুখালী, ফরিদপুর।